অতি জরুরী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
হজ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
website : www.hajj.gov.bd

স্মারক নং-১৬.০০.০০০০.০০৩.০২.০০৪.১৬.৩০৩

তারিখ : ২৪ ফাল্গুন ১৪২৪ / ০৮ মার্চ ২০১৮

বিষয় : ২০১৭ খ্রি. সনের হজে সৌদি আরবে মোয়াল্লেম ফি সংক্রান্ত বিষয়ে এজেন্সীর বিরুদ্ধে উত্থাপিত অভিযোগের প্রেক্ষিতে শাস্তি প্রদান।

২০১৭ খ্রি. সনের হজ মৌসুমে ১১ (এগার)টি হজ এজেন্সির বিরুদ্ধে উত্থাপিত (মোয়াল্লেম ফি পরিশোধ না করা/আংশিক পরিশোধ করা/বিলম্বে পরিশোধ করা এবং আদৌ পরিশোধ না করা সংক্রান্ত অভিযোগসহ অন্যান্য) অভিযোগসমূহ তদন্ত করে সরকার কর্তৃক গঠিত ০৩ (তিন)টি কমিটির মধ্যে তদন্ত কমিটি-৩ সংশ্লিষ্ট সকল হজ এজেন্সির বক্তব্য/লিখিত বক্তব্য/জবানবন্দি গ্রহণ, আনীত অভিযোগ তদন্ত রিপোর্ট যাচাই-বাছাইপূর্বক প্রতিবেদন দাখিল করেছে।

০২। তৎপ্রেক্ষিতে মন্ত্রণালয় কর্তৃক গঠিত তদন্ত কমিটি-৩ এর সুপারিশের পরিপ্রেক্ষিতে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর পক্ষে ধর্ম বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক নিম্নবর্ণিত হজ এজেন্সিসমূহ তার/তাদের নামের পাশে বর্ণিত শাস্তি নির্দেশক্রমে প্রদান করা হলো :

| ক্র. নং | এজেন্সির নাম ও ঠিকানা | লাইসেন্স নং | মন্ত্রণালয় কর্তৃক গঠিত তদন্ত কমিটির প্রতিবেদনের পর্যালোচনা | প্রদত্ত শাস্তি/সুপারিশ |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১. | Central Travels & Tours, 85/1, Nayapaltan (3rd Floor), Mosjid Goli, Dhaka. | ০৭১৪ | এজেন্সির মালিক/প্রতিনিধির কাছে অর্থ না থাকায় বিলম্বে মোয়াল্লেম পি পরিশোধের অযুহাত গ্রহণযোগ্য নয়। কারণ তিনি সমুদয় মোয়াল্লেম ফি হাজীদের নিকট থেকে আদায় করেছেন। তার এ ধরনের আচরণে দেমের ভাবমূতি ক্ষুন্ন হয়েছে। সম্মানিত হাজীগণের দেশে ফেরা এবং মদিনা শরীফে যোয়ার বিষয়টি এক পর্যায়ে অনিশ্চিত হয়ে পড়ে। ধর্ম বিষয়ক মন্ত্রণালয় এবং হজ অফিস মক্কার উদ্যোগে বকেয়া মোয়াল্লেম ফি পরিশোধের নিশ্চয়তা প্রদানের পর মোয়াচ্ছাছা হজযাত্রীদের মদিনা গমনে অনুমতি প্রদান করে। | এধরনের অনিয়মের জন্য সেন্ট্রাল ট্রাভেলস এন্ড ট্যুরস (হ.লা-০৭১৪) এই লাইসেন্সটি ০১ বছরের জন্য স্থগিত এবং ১০ লক্ষ টাকা জরিমানা করা হলো। |
| ২. | Sunshine Travel Air International. House-67 (Ground Floor), Road-2, Sector-14, Uttara west, Dhaka. | ১২৪৭ | এজেন্সির মালিকের বক্তব্য গ্রহণ যোগ্য নয়। তার এ ধরনের আচরণে দেশের ভাবমূর্তি ক্ষুন্ন হয়েছে। সম্মানিত হাজীগণের দেশের ফেরা এবং মদিনা শরীফে যাওয়ার বিষয়টি এক পর্যায়ে অনিশ্চিত হয়ে পড়ে। ধর্ম বিষয়ক মন্ত্রণালয় এবং হজ অফিস মক্কার উদ্যোগে বকেয়া মোয়াল্লেম ফি পরিশোধের নিশ্চয়তা প্রদানের পর মোয়াচ্ছাছা হজযাত্রীদের মদিনা গমনে অনুমতি প্রদান করে। তিনি কাউন্সেলর (হজ) এর লিখিত অনুরোধ সত্ত্বেও সৌদি আরবে বকেয়া মোয়াল্লেম ফি জমা না করে দেশে ফিরে আসেন। তার এ ধরনের কার্যক্রম অনুমোদিত সরকারি কর্তৃপক্ষের আদেশ অমান্যের সামিল। | এ ধরনের অনিয়মের জন্য এই সানসাইন ইন্টারন্যাশনাল (হ.লা-১২৪৭) লাইসেন্সটি ০২ বছরের জন্য স্থগিত এবং ২০ লক্ষ টাকা জরিমানা করা হলো। |
| ৩. | M.S Tours & Travels. Mega Chayaneer (1st Floor-A-1), House-45, Road-27, Block-A, Banani, Dhaka-1213, | ০৯২১ | এজেন্সির মালিক/প্রতিনিধির বর্ণিত বিলম্বের মোয়াল্লেম ফি পরিশোধের অযুহাত গ্রহণযোগ্য নয়। কারণ তিনি হজের পূর্বেই হাজীদের নিকট থেকে সমুদয় অর্থ আদায় করেছেন। তার এ ধরনের অনিয়মে দেশের ভাবমূর্তি ক্ষুন্ন হয়েছে। সম্মানিত হাজীগণের দেশে ফেরা এবং মদিনা শরীফে যাওয়া বিষয়টি এক পর্যায়ে অনিশ্চিত হয়ে পড়ে। ধর্ম বিষয়ক মন্ত্রণালয় এবং হজ অফিস মক্কার উদ্যোগ বকেয়া মোয়াল্লেম ফি পরিশোধের নিশ্চয়তা প্রদানের পর মোয়াচ্ছাছা হজযাত্রীদের মদিনা গমনে অনুমতি প্রদান করে। | এ ধরনের অনিয়মের জন্য এম এস ট্যুরস এন্ড ট্রাভেলস (হ.লা-৯২১) এই লাইসেন্সটি ০১ বছরের জন্য স্থগিত এবং ১০ লক্ষ টাকা জরিমানা করা করা হলো। |
| ৪. | Khan Jahan Ali Hajj Tours & Travels, G-Nat Tower(4th Floor), 116-117, D.I.T Extension Road, Fakirapool, Dhaka-1000 | ০৮৮৫ | এজেন্সির মালিক/প্রতিনিধির কাছে মোনাজ্জেম অসুস্থ থাকার কারণে বিলম্বে মোয়াল্লেম ফি পরিশোধের অযুহাত গ্রহণযোগ্য নয়। কারণ তার মোনাজ্জেম হজের পূর্বেই সৌদি আরব গমন করেছেন। ইচ্ছে করলে তিনি হজ শেষ হওয়ার সঙ্গে সঙ্গে বকেয়া মোয়াল্লেম ফি পরিশোধ করতে পারতেন। তার এ ধরনের কার্যক্রম দেশের | এ ধরনের অনিয়মের জন্য খান জাহান আলী হজ ট্যুরস (হ.লা-০৮৮৫) এই লাইসেন্সটি ০১ বছরের জন্য স্থগিত এবং ১০ লক্ষ টাকা জরিমানা করা হলো। |

| ক্র. নং | এজেন্সির নাম ও ঠিকানা | লাইসেন্স নং | মন্ত্রণালয় কর্তৃক গঠিত তদন্ত কমিটির প্রতিবেদনের পর্যালোচনা | প্রদত্ত শাস্তি/সুপারিশ |
|---|---|---|---|---|
| | | | ভাবমূর্তি ক্ষুন্ন হয়েছে। সম্মনিত হাজীগণের দেশে ফেরা এবং মদিনা শরীফে যাওয়ার বিষয়টি এক পর্যায়ে অনিশ্চিত হয়ে পড়ে। ধর্ম বিষয়ক মন্ত্রণালয় এবং হজ অফিস মক্কার উদ্যোগে বকেয়া মোয়াল্লেম ফি হজযাত্রীদের মদিনা গমনে অনুমতি প্রদান করে। | |
| ৫. | Hadi Travels. Shatabdi Center, 292, Inner Circular Road (2nd Floor), Fakirapool, Dhaka-1000. | ০৮০৫ | এজেন্সির মালিক/প্রতিনিধির কাছে অর্থ না থাকার অযুহাতে বিলম্বে মোয়াল্লেম ফি পরিশোধের কোন কারণ উল্লেখ করেনি। বিলম্বে মোয়াল্লেম ফি পরিশোধ করায় দেশের ভাবমূর্তি ক্ষুন্ন হয়েছে। এজেন্সি কর্তৃক বিলম্বে মোয়াল্লেম ফি পরিশোধের কারণে সম্মানিত হাজীগণের দেশে ফেরা এবং মদিনা শরীফে যাওয়ার বিষয়টি এক পর্যায়ে অনিশ্চিত হয়ে পড়ে। ধর্ম বিষয়ক মন্ত্রণালয় এবং হজ অফিস মক্কার উদ্যোগে বকেয়া মোয়াল্লেম ফি পরিশোধের নিশ্চয়তা প্রদানের পর মোয়াচ্ছাছা হজযাত্রীদের মদিনা গমনে অনুমতি প্রদান করে। | এ ধরনের অনিয়মের জন্য হাদি ট্রাভেলস এন্ড ট্যুরস (হ.লা-০৮০৫) এই লাইসেন্সটি ০১ বছরের জন্য স্থগিত এবং ১০ লক্ষ টাকা জরিমানা করা হলো। |
| ৬. | Travel Nurani. House # 15/5 (2nd Floor), Progati Sharini, Jagannathpur, Badda, Dhaka-1229. | ১২৭৬ | এজেন্সির মালিকের বক্তব্য গ্রহণযোগ্য নয়। তার এ ধরনের আচরণে দেশের ভাবমূর্তি ক্ষুন্ন হয়েছে। সম্মানিত হাজীগণের দেশে ফেরা এবং মদিনা শরীফে যাওয়ার বিষয়টি এক পর্যায়ে অনিশ্চিত হয়ে পড়ে। ধর্ম বিষয়ক মন্ত্রণালয় এবং হজ অফিস মক্কার উদ্যোগে বকেয়া মোয়াল্লেম ফি পরিশোধের নিশ্চয়তা প্রদানের পর মোয়াচ্ছাছা হজযাত্রীদের মদিনা গমনে অনুমতি প্রদান। তিনি কাউন্সেলর (হজ) এর লিখিত অনুরোধ সত্ত্বেও সৌদি আরবে বকেয়া মোয়াল্লেম ফি জমা না করে দেশে ফিরে আসেন। তার এ ধরনের কার্যক্রম অনুমোদিত সরকারি কর্তৃপক্ষের আদেশ অমান্যের সামিল। | এ ধরনের অনিয়মের জন্য ট্রাভেল নুরানী (হ.লা-১২৭৬) এই লাইসেন্সটি ০২ বছরের জন্য স্থগিত এবং ২০ লক্ষ টাকা জরিমানা করা হলো। |
| ৭. | Dhaka Hajj Kafela & Travels. 855, East Seaorapara, Kafrul, Dhaka-1216 | ০৭৩২ | এজেন্সির মালিকের বক্তব্য গ্রহণযোগ্য নয়। এক জনের লাইসেন্স ব্যবহারের মৌখিক অনুমতি প্রদান হজ নীতিমালা-২০১৭ অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ। তিনি জনাব রেজাউল করিম উজ্জল, প্রোপাইটার ব্রাইট ট্রাভেলস, মোবাইল নম্বর-০১৮১৯২৪১৯২২ কে লাইসেন্স ব্যবহারে অনুমতি প্রদান করে অন্যায় করেছেন। যথাসময়ে মোয়াল্লেম ফি পরিশোধ না করায় সম্মানিত হাজীগণের দেশে ফেরা এবং মদিনা শরীফে যাওয়ার বিষয়টি এক পর্যায়ে অনুমতি সাপেক্ষে কাউন্সেলর (হজ) সৌদি কর্তৃপক্ষ বরাবর অঙ্গীকার প্রদান করে সম্মানিত হাজীদের মদিনা গমন এবং দেশে ফেরার ব্যবস্থা করেন। এ ধরনের কার্যক্রম দেশের সুনাম ক্ষুন্ন হয়েছে। | (ক) ঢাকা হজ কাফেলা এন্ড ট্রাভেলস (হ.লা-০৭৩২) এই লাইসেন্সটি বাতিল এবং ২০ লক্ষ টাকা জরিমানা করা হলো<br>(খ) অনিয়মের জন্য ব্রাইট ট্রাভেলস এর লাইসেন্স ২০১৭ সালে বাতিল হওয়ার পরও তার মালিক জনাব রেজাউল করিম উজ্জল ঢাকা হজ কাফেলার লাইসেন্স ব্যবহার করে মোনাজ্জেম হয়ে হজযাত্রী নিয়ে যান। মক্কা হজ অফিস থেকে বার বার তাগিদ দেয়ার পরও তিনি মোয়াল্লেম ফি পরিশোধ না করে বাংলাদেশের চলে আসেন। এই অনিয়মের জন্য ব্রাইট ট্রাভেলস এর লাইসেন্স এর স্বত্বাধিকারী জনাব রেজাউল করিম উজ্জল এর বিরুদ্ধে ফৌজদারি মামলা দায়ের এবং ২০ লক্ষ টাকা জরিমানা করা হলো। |
| ৮. | Mesfallah Travels. Paramount Heights, 65/2/1, Purana Paltan, Box Culbart Road, Dhaka-1000. | ১০১৮ | এজেন্সির এ ধরনের কার্যক্রম কোন অবস্থাতেই গ্রহণযোগ্য নয়। এজেন্সি পরিচালনায় দায়িত্বপ্রাপ্ত জনাব রেজাউল করিম উজ্জল সম্পূর্ন মোয়াল্লেম ফি পরিশোধ না করে এবং মক্কা হজ অফিসের সাথে কোন প্রকার যোগাযোগ না করে ২২৫ জন হজযাত্রীকে সম্পুর্ণ অনিশ্চয়তার মধ্যে রেখে দেশে চলে আসেন। ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের অনুমতি সাপেক্ষে কাউন্সেলর (হজ) সৌদি কর্তৃপক্ষ বরাবর অঙ্গীকার প্রদান করে সম্মানিত হাজীদের মদিনা গমন এবং দেশের ফেরার ব্যবস্থা করেন। এজেন্সির এ ধরনের কার্যক্রমে দেশের সুনাম ক্ষুন্ন হয়েছে। অনিয়মের জন্য ২০১৭ সালে ব্রাইট ট্রাভেলস এর লাইসেন্সটি বাতিল হওয়ার পরও তার মালিক জনাব রেজাউল করিম উজ্জল মিসফালাহ হজ ট্রাভেলস লাইসেন্স ব্যবহার করে হজযাত্রী নিয়ে যান। মক্কা হজ অফিস থেকে বার বার তাগিদ দেওয়ার পরও তিনি মোয়াল্লেম ফি পরিশোধ না করে বাংলাদেশে চলে আসেন। তিনি এ পর্যন্ত ১,১২,০০০ সৌ.রি. জমা প্রদান করেননি। | (ক) মিসফালাহ ট্রাভেলস এর লাইসেন্স স্থায়ীভাবে বাতিল করা হলো। এছাড়া মিসফালাহ ট্রাভেলস এর মালিক এবং মোনাজ্জেমকে মোয়াল্লেম ফি বাবদ ১,১২,৫০০ রি. পরিশোধের জন্য নির্দেশনা প্রদান করা হলো।<br>(খ) মিসফালাহ ট্রাভেলস এবং ব্রাইট ট্রাভেলস এর মালিক উভয়কে ৫০ লক্ষ টাকা করে ১ কোটি টাকা জরিমানা করা হলো। |
| ৯. | Mabrur Air International. 145, D.I.T Extension Road (2nd Floor), Fakirapool, Dhaka- | ০৯৭৩ | এজেন্সির মালিকের বক্তব্য গ্রহণযোগ্য নয়। মক্কা হজ অফিস থেকে তাকে মোয়াল্লেম ফি বাবদ অপরিশোধিত ৬ হাজার সৌ.রি. পরিশোধ করার জন্য বার বার তাগিদ দেয়ার পরও তিনি কোন কর্ণপাত না করে দেশে চলে আসেন। এ পর্যন্ত বকেয়া মোয়াল্লেম ফি পডরিশোধ | (ক) মাবরুর ইন্টারন্যাশনাল হজ লাইসেন্স এর মালিককে বকেয়া ৬ হাজার রি. অনতিবিলম্বে পরিশোধের জন্য নির্দেশ প্রদান করা হলো।<br>(খ)মাবরুর ইন্টারন্যাশনাল হজ লাইসেন্স এর (হ.লা-০৯৭৩) এর কার্যক্রম ০১ (এক) বছরের |

| ক্র. নং | এজেন্সির নাম ও ঠিকানা | লাইসেন্স নং | মন্ত্রণালয় কর্তৃক গঠিত তদন্ত কমিটির প্রতিবেদনের পর্যালোচনা | প্রদত্ত শাস্তি/সুপারিশ |
|---|---|---|---|---|
| | 1000 | | করেনি। তার এ ধরনের কার্যক্রম হজ নীতিমালা-২০১৭ এর পরিপন্থি। | জন্য স্থগিত এবং ০৩ (তিন) লক্ষ টাকা জরিমানা করা হলো। |
| ১০. | Shanjid Travels International, 6/Kha, 1/25, Chan Mansion, Senpara, Mirpur-10, No. (Golchakkor), Dhaka-1216. | ০১২৯ | এজেন্সির মালিকের বক্তব্য গ্রহণযোগ্য নয়। মক্কা হজ অফিস থেকে তাকে মোয়াল্লেম ফি বাবদ অপরিশোধিত ৭৮৫০০ রি. পরিশোধ করার জন্য বার বার তাগিদ দেয়ার পরও তিনি কোন কর্ণপাত না করে হজযাত্রীদের অনিশ্চিয়তার মধ্যে রেখে দেশে চলে আসেন। এ পর্যন্ত বকেয়া মোয়াল্লেম ফি পরিশোধ করেননি। তার এ ধরনের কাযক্রম হজ নীতিমালা-২০১৭ এর পরিপন্থি। | সানজিদ ট্রাভেলস ইন্টারন্যাশনাল (হ.লা-০১২৯) কে মোয়াল্লেম ফি বাবদ ৭৮৫০০ রিয়াল সমপরিমান অর্থ জমাদানের নির্দেশ প্রদান করা হলো।<br>(খ) এ ধরনের কার্যক্রমের জন্য সানজিদ ট্রাভেলস ইন্টারন্যাশনাল (হ.লা-০১২৯) স্থায়ীভাবে বাতিল করা এবং ২০ (বিশ) লক্ষ টাকা জরিমানা করা হলো। |
| ১১. | Gulshan-A-Muhammadia Travels. Islam Empire Estate, 55/A, Purana Paltan (5th Floor), Dhaka-1000. | ০৭৯৮ | এজেন্সির প্রদত্ত বক্তব্য গ্রহনযোগ্য নয়। তিনি এ পর্যন্ত বকেয়া ৯ হাজার রিয়েল পরিশোধ করেননি। ১,৩৩,৫০০ রি. মোয়াল্লেম ফি বকেয়া রাখার কোন যৌক্তিক কারণ দেখাতে পারেননি। তার এ ধরনের কার্যক্রমে দেশের সুনাম ক্ষুন্ন হয়েছে। | এজেন্সির মালিক-কে মন্ত্রণালয় বরাবর ৯ হাজার রিয়েল এবং প্রত্যেক হাজী বরাবরে ৫০০ রিয়েল সমপরিমান টাকা অনতিবিলম্বে ফেরত প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হলো।<br>(খ) গুলশানে মোহাম্মদিয়া ট্রাভেলস (হ.লা-০৭৯৮) এই লাইসেন্স টি স্থায়ীভাবে বাতিল এবং ২০ লক্ষ টাকা জরিমানা করা হলো। |

০৩। জরিমানা/বাজেয়াপ্তকৃত অর্থ আগামী ১৫.০৩.২০১৮ খ্রি. তারিখের মধ্যে '১-৩৫০১-০০০১-১৯০১' নং কোডে ট্রেজারী চালানের মাধ্যমে সরকারি কোষাগারে জমাদানপূর্বক চালানের মূল কপিসহ মন্ত্রণালয়কে অবহিত করতে হবে।

০৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো এবং ইহা অবিলম্বে কার্যকর হবে।

০৮/০৩/১৮

(এস.এম মনিরুজ্জামান)
সহকারী সচিব (হজ)
ফোন : ৯৫৮৪৩২২
e-mail : morahajsection@gmail.com

প্রাপক
জনাব ............................................
স্বত্বাধিকারী/ব্যবস্থাপক/ব্যবস্থাপনা অংশিদার
............................................................

স্মারক নং-১৬.০০.০০০০.০০৩.০২.০০৪.১৬.৩০৩

তারিখ : ২৪ ফাল্গুন ১৪২৪ / ০৮ মার্চ ২০১৮

সদয় জ্ঞাতার্থে :

১. সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. কাউন্সেলর (হজ), বাংলাদেশ হজ অফিস, জেদ্দা, সৌদি আরব।
৩. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. পরিচালক, হজ অফিস, আশকোনা, বিমানবন্দর, ঢাকা।
৫. ভারপ্রাপ্ত সচিব মহোদয়ের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. ব্যবস্থাপক ........................................................................................(সংশ্লিষ্ট ব্যাংক)।
৭. সভাপতি/মহাসচিব, হজ এজেন্সীজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), সাত্তারা সেন্টার, ৩০/এ, নয়া পল্টন, ভিআইপি রোড, ঢাকা।
৮. ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লি: (পত্রটি www.hajj.gov.bd-তে প্রকাশের অনুরোধসহ)।
৯. ব্যক্তিগত কর্মকর্তা, যুগ্মসচিব (হজ),ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. অফিস কপি।

০৮/০৩/১৮

(এস.এম মনিরুজ্জামান)
সহকারী সচিব (হজ)